দৈনিক সংবাদ

তারিখ 17 MAR 1992
পৃষ্ঠা ... কলাম ...

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পে এডিবি ৮১ শতাংশ ঋণ দিতে সম্মত

(নিজস্ব বার্তা পরিবেশক)

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) গাজীপুরস্থ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মোট প্রকল্প ব্যয়ের ৮১ শতাংশ ঋণ দিতে সম্মত হয়েছে। এডিবি প্রতিশ্রুত ঋণের পরিমাণ ১শ' ৩৬ কোটি টাকা। তবে জাতীয় অর্থনৈতিক পরিষদের

## এডিবি ঃ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

( ১ম পাতার পর )

নির্বাহী কমিটি (একনেক) চাইছে এডিবি'র এ ঋণের অংক প্রকল্পের মোট অনুমোদিত বিনিয়োগ ব্যয়ের ৯০ শতাংশ হোক। একনেক ইতিমধ্যে এ প্রকল্পের জন্য ১শ' ৬৮ কোটি ৭ লাখ ৪০ হাজার টাকা ব্যয়ের প্রস্তাব অনুমোদন করেছে।

সম্প্রতি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প অনুমোদনকালে একনেক দেশের ঋণের বোঝা লাঘবের উদ্দেশ্যে এ প্রকল্পের জন্য সম্ভাব্য উৎস থেকে অনুদান সংগ্রহের চেষ্টা চালানো অত্যাবশ্যক বলে অভিমত ব্যক্ত করে। যে পরিমাণ অনুদান পাওয়া যাবে, ঋণের পরিমাণ সে অনুযায়ী হ্রাস করার ব্যাপারে এডিবি'র সাথে মতৈক্য প্রতিষ্ঠার জন্যও একনেক পরামর্শ দিয়েছে।

১শ' ৬৮ কোটি ৭ লাখ ৪০ হাজার টাকার অনুমোদিত বিনিয়োগের এ প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রায় ১শ' ২৬ কোটি ১৫ লাখ ৯২ হাজার টাকা এবং বৈদেশিক মুদ্রায় ৪১ কোটি ৯১ লাখ ৪৮ হাজার টাকা ব্যয় অনুমোদন করা হয়েছে।

প্রকল্পের বাস্তবায়নকাল নির্ধারণ করা হয়েছে জুলাই '৯১ থেকে জুন '৯৬। বাস্তবায়নকাল ৫ বছর নির্ধারণ করা হলেও মেয়াদের প্রথম ২ বছরকে প্রস্তুতিপর্ব বা সুযোগ সৃষ্টির সময়কাল নির্ধারণ করা হয়েছে এবং তৃতীয় বর্ষে শিক্ষাদান কর্মসূচী শুরু হবে। প্রকল্পের জন্য ২ কোটি ৭৬ লাখ ৬০ হাজার টাকা ব্যয়ে ৪০ একর জমি কেনা এবং ২০ কোটি ৩৯ লাখ টাকার পূর্ত কাজ করার কর্মসূচী গ্রহণ করা হয়েছে। টঙ্গীস্থ ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরিত্যক্ত ক্যাম্পাসে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপিত হচ্ছে বলে ৪০ একর জমি ও কিছু ভবনাদি পাওয়া যাচ্ছে।

সামাজিক প্রয়োজনের ভিত্তিতে সর্বস্তরের শিক্ষাকে দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে দেশের সমগ্র জনগোষ্ঠীর মধ্যে সম্প্রসারিত করা এবং বিভিন্ন পেশায় কর্মরত জনশক্তিকে বর্তমান জ্ঞান ও প্রযুক্তিসমূহের আধুনিকতম গতিধারার সাথে সম্পৃক্ত রাখাই উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পের উদ্দেশ্য। পূর্ণ ক্ষমতায় চালু হলে এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংখ্যা হবে ১৪ লাখ ৩৫ হাজার।